শিশুদের জন্য বাইবেল

নিবেদন করছে



ইলীশায়, অলৌকিক কাজের ব্যক্তি

লেখক: Edward Hughes
চিত্রাংকন: Lazarus; Alastair Paterson
অভিযোজন: Ruth Klassen
অনুবাদক: Manab Biswas
প্রযোজনায়: শিশুদের জন্য বাইবেল
www.M1914.org

BFC
PO Box 3
Winnipeg, MB R3C 2G1
Canada

©2021 Bible for Children, Inc
স্বত্তাধিকার: গল্পটির অনুলিপি বা প্রিন্ট ব্যবহার করা যাবে তবে বিক্রয় করা যাবেনা ।

লাঙ্গলে হাল দেবার জন্য যথেষ্ট ষাঁড় ছিল না। আর একটা ষাঁড়ের প্রয়োজন ছিল। কিন্তু তা ইলীশায় বলে একজন যুবক কৃষককে থামাতে পারল না। ষাঁড়দের সাথে সে নিজেকেও খাটিয়ে নিচ্ছিল। যেটা হারিয়ে গিয়েছিল তার জায়গায় সে নিজেকে লাগিয়ে দিয়েছিল। সে বোধহয় খুব শক্তিশালী, চালাক ও কঠিন পরিশ্রমী।



ইলীশায় যখন চাষ করছিল, তখন ঈশ্বরের ভাববাদী এলিয় এসে ডাকল৷ সেই যুবক চাষাবাদ ছেড়ে দিয়ে ঈশ্বরের কাজের জন্য নেমে পড়ল৷ একদিন ঈশ্বর ঘূর্ণিঝড়ের মধ্য দিয়ে এলিয়কে স্বর্গে তুলে নিলেন৷ এখন ইলীশায় ইস্রায়েলের ঈশ্বরের ভাববাদী৷

এলিয় ছিল না বলে, ইলীশায় দুঃখিত ছিল। এলিয়ের মতো শক্তি পাওয়ার জন্য সে ঈশ্বরের কাছে প্রার্থনা করল। ইলীশায় এলিয়ের লাঠিটা নিল ও এলিয়ের মতো নদীর স্রোতে মারল। নদীর জল দুই ভাগে ভাগ হয়ে গেল| ইলীশায় বুঝতে পারল যে, ঈশ্বর তার সাথে আছেন।



একদিন ইলীশায় বেৎলেহেম নামক একটি শহরে যাচ্ছিল। কিছু যুবক তাকে ঠাট্টা করল। বলল, “ওহে টাক পড়া, আগে যাও”। তারা ভাবল না যে, ইলীশায় ঈশ্বরের সেবক। একটি আশ্চর্য বিষয় তাদের প্রতি হল, বন থেকে দুটো ভল্লুকী বেরিয়ে এসে বিয়াল্লিশ জন যুবককে টুকরো টুকরো করে দিল।



একদিন ইলীশায় একটা বিধবার সাথে সাক্ষাৎ করল, যে কিছু টাকা ধার করেছিলেন এবং তা শোধ করতে পারছিল না৷ টাকার জন্য পাওনাদার বিধবার দুই ছেলেকে ক্রীতদাস হিসাবে নিল৷ ইলীশায় বলল, “যাও তোমার প্রতিবেশিদের কাছে গিয়ে বাসন ধার কর ... খালি বাসন”| ঈশ্বর ঐ মহিলার প্রতি এক বিস্ময়কর কাজ করতে চলেছেন৷

বিধবার ঘরেতে শুধুমাত্র একটা ছোট্ট তেলের পাত্র ছিল। কিন্তু ই ছোট্ট পাত্র থেকে সে যথেষ্ট পরিমাণ তেল বার করে সেই পাত্রগুলো ভরেছিল। যদি তাদের স্নানের জায়গা থাকত, তাহলে হয়তো ঈশ্বর ঐদিনে সেটাকে ভর্তি করে দিতেন। বিধবা সেই তেল বিক্রি করে তার ছেলেদের বাঁচিয়েছিল।



আর একজন মহিলা ও তার স্বামী তাদের ঘরের মধ্যে একটা বিশেষ ঘর বানিয়েছিল, যাতে ইলীশায় যখন সেখান দিয়ে যাতায়াত করেন, তাতে থাকতে পারেন।

সেই ঘরেতে তারা
একটা বিছানা,
টেবিল, চেয়ার ও
প্রদীপদানি রেখেছিল।

সেই ঘরটা শুধু
ইলীশায়ের জন্য ছিল।

এই দম্পতির উপকার কীভাবে শোধ করবেন, সে বিষয়ে ইলীশায় অবাক হয়ে গিয়েছিলেন। তিনি যা বললেন, মহিলাটি বিশ্বাস করতে পারছিল না। “আগামী বছর এই সময় তোমার একটি পুত্র তোমার কোলে থাকবে।” একদম ঠিক এক বছর পর, শিশুটি জন্মগ্রহণ করল।

কিছু বছর পরে সেই শিশুটি তার বাবার সাথে মাঠে ছিল। ছেলেটি কাঁদতে কাঁদতে বলল, “আমার মাথা, আমার মাথা”। যখন তারা ছেলেটিকে তার মায়ের কাছে নিয়ে এল, সে দুপুর পর্যন্ত তার মায়ের কোলে বসে রইল এবং তারপর মারা গেল। ছেলেটিকে তার মা ইলীশায়ের ঘরে শুইয়ে দিল। তুমি কি মনে কর, কে তাকে সাহয্য করবে?



তুমি ইলীশায়ের কথা বলছ? ওটাই ঠিক! ইলীশায়কে খোঁজার জন্য তার মা গাধায় চড়ে খুব তাড়াতাড়ি চলল। ইলীশায় তার বাড়িতে এল, উপরের কুঠরিতে গেল ও প্রার্থনা করল। ঈশ্বর সেই বালকের প্রাণ ফিরিয়ে দিলেন। ইলীশায় মহিলাটিকে ডেকে বলল, “তোমার ছেলেকে তুলে নাও”| মহিলাটি কতই না খুশি হয়েছিল।



সিরিয়ার পাশের দেশে নামান নামে একটি সেনাপতি থাকত। সে শক্তিশালী ও সাহসী ছিল। তার এক ভয়ানক চামড়ার রোগ ছিল, যাকে কুষ্ঠ বলা হত।

নামানের কাছে ইস্রায়েলের এক ক্রীতদাসী থাকত। ঐ ছোট্ট মেয়েটা বলল, “নামান যদি ইস্রায়েলের ঐ ভাববাদীর কাছে যান, তাহলে তিনি তার কুষ্ঠরোগ ভালো করে দেবেন”।

নামান, সেই ভাববাদীর সঙ্গে দেখা করার জন্য বার হলেন। তাকে উপহার দেওয়ার সোনা, রুপা ও সুন্দর সুন্দর কাপড় নিয়েছিলেন।



ইলীশায়ের চাকর বার হয়ে বলল, “যাও এ সাতবার যর্দন নদীতে গিয়ে ধোও, তাহলে তুমি শুচি হবে”| নামান প্রচণ্ড রেগে গিয়ে বলল, আমার নিজের দেশ সিরিয়াতে কি পরিস্কার, শুদ্ধ নদীর জল নেই? তিনি ঘরের দিকে ফিরলেন।



ভাগ্যক্রমে নামানের চাকর তাকে ইলীশায়ের আদেশ মান্য করতে বলল। সুতরাং নামান চলে গিয়ে যর্দন নদীতে সাতবার ডুব দিল। আর নামানের কুষ্ঠ সুস্থ হয়ে গেছিল। নামান ইলীশায়ের সত্য ঈশ্বরের উপাসনা করেছিল, সেই ঈশ্বর যিনি তার কুষ্ঠ সারিয়েছিলেন।

ঈশ্বর, ইলীশায়কে তার মৃত্যুর পরও ব্যবহার করেছিলেন। একদিন একটি মানুষকে একটি গুহায় কবর দেওয়া হয়েছিল, যেখানে অনেক বছর আগে ইলীশায়কে কবর দেওয়া হয়েছিল। যখন মৃত লোকটির দেহ, ইলীশায় ভাববাদীর হাড়ের স্পর্শ পেল, লোকটি জীবিত হল ও সে তার পায়ে দাঁড়াল। সত্যি করে ঈশ্বর তার বিশ্বস্ত সেবক ইলীশায়ের মাধ্যমে তার পরাক্রম দেখালেন।

ইলীশায়, অলৌকিক কাজের ব্যক্তি

ঈশ্বরের বাক্য থেকে বাইবেলের গল্প, বাইবেল,

যেখানে পাওয়া যায়

২রাজাবলি ২-১৩

“তোমার বাক্য প্রকাশিত হলে তা আলো দান করে ।”
গীতসংহিতা ১১৯:১৩০

সমাপ্ত

বাইবেলের এই গল্প মহান ঈশ্বর সম্পর্কে আমাদের শিক্ষা দেয় যিনি আমাদের নির্মান করেছেন এবং তিনি চান যেন আপনি তাঁর সম্পর্কে জানেন ।

ঈশ্বর জানেন আমরা মন্দ কাজ করেছি, যাকে তিনি পাপ বলেন । পাপের শাস্তি হচ্ছে মৃত্যু, কিন্তু ঈশ্বর আমাদের এতই ভাল বাসলেন যে তিনি তাঁর একমাত্র পুত্র যীশুকে পাঠালেন যেন আমাদের পাপের শাস্তিস্বরূপ তিনি ক্রুশে মৃত্যুবরন করেন । এর পর যীশু মৃত্যু থেকে জীবিত হলেন এবং স্বর্গে চলে গেলেন । যদি আপনি যীশুকে কিশ্বাস করেন এবং আপনার পাপের জন্য তাঁর কাছে ক্ষমা চান, তাহলে তিনি ক্ষমা করবেন । তিনি আসবেন এবং আপনার অন্তরে বাস করবেন, এবং আপনিও তাঁর সংগে অনন্তকাল ধরে থাকবেন ।

আপনি যদি এই সত্যকে বিশ্বাস করেন, তাহলে ঈশ্বরের উদ্দেশ্যে এই কথাগুলো বলুন: প্রিয় যীশু, আমি বিশ্বাস করি যে তুমি আমার প্রভু, এবং আমার পাপের জন্য তুমি মানুষ হয়ে জন্মেছিলে, আর এখন তুমি আবার জীবিত হয়ে উঠেছো । দয়াকরে আমার জীবনে এসো এবং আমার পাপ ক্ষমা করো, যাতে আমি নতুন জীবন পেতে পারি, এবং তোমার সংগে যেন অনন্তকাল ধরে থাকতে পারি । আমাকে সাহায্য কর যেন তোমার সন্তান হিসাবে তোমার বাধ্য থাকতে পারি এবং তোমার জন্য বেঁচে থাকতে পারি । আমেন ।

বাইবেল পড়ুন এবং প্রতিদিন ঈশ্বরের সংগে কথা বলুন! যোহন ৩:১৬